# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 SEPTEMBER 2026** **7:45—7:55PM**

---

(১) দায়িত্বশীল নাগরিকত্ব, সংবিধানের প্রতি সম্মান, রাষ্ট্রের ঐক্য এবং অখণ্ডতার সুরক্ষা ও দেশের গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি দৃঢ়সংকল্পবদ্ধতার মাধ্যমে দেশপ্রেম পরিস্ফুট হয় বলে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের মত প্রকাশ/

(২) প্রধানমন্ত্রী কিষাণ মান ধন যোজনার আজ সাত বছর পূর্ণ/

(৩) হাইলাকান্দি জেলায় গণবণ্টন ব্যবস্থার সামগ্রী অবৈধভাবে পাচার করা একটি চক্র আটক/

(৪) শ্রীভূমি জেলার প্রগতিশীল চাষী শুভাশিস সরকারের মাশরুম চাষের জন্য জাতীয় পুরস্কার লাভ/

এবং

(৫) ধলাইয়ের মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগিতার ফাইনাল আগামীকাল /

------------------------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য দায়িত্বশীল নাগরিকত্ব, সংবিধানের প্রতি সম্মান, রাষ্ট্রের ঐক্য এবং অখণ্ডতার সুরক্ষা ও দেশের গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি দৃঢ় সংকল্পবদ্ধতার মাধ্যমে দেশপ্রেম পরিস্ফুট হয় বলে মত প্রকাশ করেছেন । তেজপুর বিশ্ববিদ্যালয়ে জাতীয় শিক্ষার্থী বাহিনী- এন সি সি'র প্রাক্তন ছাত্রছাত্রীদের সম্মেলনে অংশগ্রহণ করে রাজ্যপাল শ্রী আচার্য বলেছেন যে- জাতীয় সুরক্ষা শুধু দেশের সীমান্ত সুরক্ষিত করে রাখাতেই সীমাবদ্ধ নয় । সাইবার সুরক্ষা, অর্থনৈতিক এবং শক্তি সুরক্ষ২আ, দুর্যোগ প্রশমনের প্রস্তুতি, সামাজিক সদ্ভাব এবং সরকারী প্রতিষ্ঠানসমূহের

সুরক্ষা সহ যাবতীয় বিষয়ের সুরক্ষার বিষয়টি দেশের প্রত্যেক নাগরিকের যৌথ দায়িত্ব বলে শ্রী আচার্য মন্তব্য করেছেন । এন সি সি'কে চরিত্র গঠন ও রাষ্ট্র গঠনের শক্তিশালী উপায় বলে অভিহিত করে রাজ্যপাল বলেন যে- এন সি সি'র সদস্যরা অনুশাসন, নেতৃত্ব, সাহস এবং সেবার মনোভাবের মাধ্যমে যুব প্রজন্মকে রাষ্ট্রের প্রগতি এবং সুরক্ষার ক্ষেত্রে অর্থবহ অবদান যোগানোর ক্ষেত্রে অনুপ্রাণিত করে । তিনি একইসঙ্গে এন সি সি'র প্রাক্তন সদস্যদের যুব প্রজন্মের পথ প্রদর্শকের ভূমিকা পালন করতে এবং কম্যুনিটি সেবা ও গণসচেতনতার বিষয়টির সঙ্গে সক্রিয়ভাবে জড়িত থাকার আহ্বান জানান । বর্তমানের ডিজিট্যাল যুগে সুরক্ষা, পরিবর্তিত বৈশিষ্ট্যের বিষয়ে উল্লেখ করে শ্রী আচার্য যুব প্রজন্মের মধ্যে প্রযুক্তিগত সচেতনতা এবং দায়িত্বশীল ডিজিট্যাল আচরণের আবশ্যকতার উপর গুরুত্ব আরোপ করেছেন । সীমান্তবর্তী অঞ্চলগুলির কৌশলগত গুরুত্বের বিষয়ে উল্লেখ করে তিনি সীমান্তবর্তী গ্রামগুলিকে দেশের সার্বভৌমত্ব, সংস্কৃতি এবং রাষ্ট্রীয় ভাবনার জাগ্রত প্রহরী বলে অভিহিত করেছেন । তিনি একইসঙ্গে যুবক-যুবতীদেরকে সীমান্তবর্তী অঞ্চলে বসনাসকারী লোকেদের সুরক্ষার লক্ষ্যে কাজ করে যাওয়ার আহ্বান জানিয়েছেন । জাতীয় সুরক্ষার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের ভূমিকার বিষয়ে উল্লেখ করে শ্রী আচার্য তেজপুর বিশ্ববিদ্যালয়ের মতো প্রতিষ্ঠানসমূহের কৃত্রিম বুদ্ধিমত্তা, সাইবার সুরক্ষা, ড্রোন প্রযুক্তি, যোগাযোগ, মহাকাশ প্রযুক্তি ও দুর্যোগ ব্যবস্থাপনা সহ নতুন নতুন ক্ষেত্রগুলিতে গবেষণা ও উদ্ভাবনের প্রসারের জন্যে প্রয়াস করার আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী কিষাণ মান ধন যোজনা সাত বছর সম্পূর্ণ করেছে। ২০১৯ সালের ১১ই সেপ্টেম্বর এই প্রকল্প চালু করা হয়েছিল । এই প্রকল্পের মাধ্যমে ষাট বছর বয়স থেকে ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকদের মাসিক পেনশন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে । প্রতি মাসে এই প্রকল্পের আওতায় ষাট বছর বয়স অতিক্রম করা কৃষকদেরকে তিন হাজার টাকা করে পেনশন দেওয়া হয়েছে । এর মাধ্যমে কৃষকরা বৃদ্ধ বয়সে আর্থিক নিরাপত্তার পাশাপাশি সম্মানও লাভ করবেন ।

---------------------------------------------------------------------------------------

মহাপুরুষ শ্রীমন্ত শঙ্করদেবের আজ ৪৫৮ তম  তিরোভাব তিথি উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্তে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করে ধর্মীয় কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে । মহাপুরুষ শ্রী শ্রী মাধবদেব স্থাপিত বরপেটা সত্রে গত ৬ সেপ্টেম্বর থেকে আয়োজিত গুরু কীর্তন মহোৎসবের আজ মূল পর্ব অনুষ্ঠিত হয় ।

মহাপুরুষ শ্রীমন্ত শঙ্করদেবের জন্মস্থান নগাঁওয়ের বটদ্রবা সত্রেও আজ তিরোভাব তিথি পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে নাম-কীর্তন ,প্রসংগ ইত্যাদি অনুষ্ঠিত হয়েছে । শ্রীভূমি জেলার বরগোল শ্রীমন্ত শংকরদেব নামঘরে আজ এ উপলক্ষ্যে নাম-প্রসংগ ও অন্যান্য কার্যসূচী পালন করা হয় । এছাড়া শ্রীভূমি শহরের থানা রোডে অবস্থিত শ্রীমন্ত শংকরদেব নামঘরে নাম-প্রসঙ্গ ,ভক্তিমূলক আলোচনা এবং মানবতার বার্তা নিয়ে মত বিনিময় করা হয় ।

---

চলতি বছরের তৃতীয় জাতীয় লোক আদালত আজ সমগ্র দেশে অনুষ্ঠিত হয়েছে । লোক আদালতের মাধ্যমে দেওয়ানী , আপোস বিহীন ফৌজদারী মামলা , চেক বাউন্স , বৈবাহিক তথা পারিবারিক বিবাদ , মোটর দুর্ঘটনার ক্ষতিপূরণ , বেংক ঋণ এবং বিদ্যুৎ সম্পর্কীত মামলার সহ প্রাক আদালত পর্যায়ের বিবাদ নিষ্পত্তি করা হয় ।

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায় ও আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে । কাছাড় জেলা আইন পরিষেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ জেলার বিভিন্ন আদালতে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে । জাতীয় লোক আদালতে বিভিন্ন বিচারাধীন মামলা নিষ্পত্তির জন্য গ্রহণ করা হয় । সেইসঙ্গে প্রাক্-মামলা পর্যায়ের মামলাও গ্রহণ করা হয় । এরমধ্যে ব্যাঙ্ক ঋণ আদায় ,টেলিফোন বিল এবং বিদ্যুত বিল সংক্রান্ত বিষয় উল্লেখযোগ্য । বিচারাধীন মোট ১ হাজার ১৭০ টি মামলার মধ্যে ২৯২ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে । এইসব মামলায় ১১ কোটি ১৬ লক্ষ ৪ হাজার ১০০ টাকা অর্থের নিষ্পত্তি হয়েছে ।

অন্যদিকে প্রাক্-মামলা পর্যায়ের মোট  ৯ হাজার ৭৬০ টি মামলার মধ্যে ৭৬০ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে । এইসব মামলায় মোট ২ কোটি ৩৭ লক্ষ ৬৪  হাজার ৮৮৪ টাকা অর্থের নিষ্পত্তি হয়েছে ।

হাইলাকান্দি জেলা ন্যায় আদালত প্রাঙ্গণে আজ জাতীয় লোক  আদালত অনুষ্ঠিত হয়েছে । হাইলাকান্দি জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে অনুষ্ঠিত এই লোক আদালতে বিদ্যুত বিল ও ব্যাঙ্কের ঋণ পরিশোধ না করা গ্রাহকদের মামলা নিষ্পত্তির জন্য বিশেষ ব্যাবস্থা গ্রহণ করা  হয় । এই লোক আদালতে তিন হাজার ৬২৬ টি প্রি-লিটিগেশন মামলা নিস্পত্তির জন্য নথিভুক্ত করা হয় । এ সম্পর্কে জেলা আইন সেবা কর্তৃপক্ষের সম্পাদক জাফর মহম্মদ আজিজুর রহমান তাপাদার আমাদের সংবাদদাতাকে জানান

------ বাইট------

অনুরূপভাবে শ্রীভূমি জেলায়ও আজ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল আজ কাটাখাল-ভৈরবী রেল সেকশনের ক্ষতিগ্রস্ত জামিরা ভৈরবী অংশের সংস্কারের কাজ সম্পূর্ণ করেছে । উল্লেখ্য গত তেসরা সেপ্টেম্বর ভারী বৃষ্টিপাতের কারণে রেল ট্র্যাকের কাছে মাটি সরে যাওয়ায় প্রায় ৭০ মিটার রেল ট্র্যাকের অংশ ক্ষতিগ্রস্ত হয় । এরজন্য ট্রেন পরিষেবা সাময়িকভাবে বন্ধ ছিলো । বিগত ১০ দিন প্রতিকূল আবহাওয়ায় মধ্যে রেলের আধিকারিক ও কর্মচারীরা দিন রাত কাজ করে সফলতার সঙ্গে সংসকারের কাজ সম্পন্ন করেন । সংস্কারের পর আজ ক্ষতিগ্রস্ত অংশ দিয়ে শিলচর-সাইরাং প্যাসেঞ্জার ট্রেনটি সুরক্ষিতভাবে অতিক্রম করে বলে রেলের মূখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলায় গণবন্টন ব্যবস্থার চাল অবৈধভাবে পাচার করা একটি চক্র ধরা পড়েছে । হাইলাকান্দি পুলিশ একটি বাহন থেকে ২৬০ বস্তা চাল এবং ৮০ বস্তা চিনি বাজেয়াপ্ত করেছে । এই সামগ্রীগুলি মণিপুরে নিয়ে যাওয়া হচ্ছিল বলে সন্দেহ করা হয়েছে । আজ সরকারী খাদ্যসমাগ্রী অবৈধভাবে পাচার করার বিরুদ্ধে চালানো অভিযানে হাইলাকান্দি পুলিশ বাজেয়াপ্ত করেছে। প্রাথমিক তদন্ত অনুসারে সামগ্রীসমূহ বদরপুর থেকে গাড়িতে তোলা হয়েছিল । পরে হাইলাকান্দি-মিজোরাম সড়ক দিয়ে মণিপুরের উদ্দেশে নিয়ে যাওয়া হচ্ছিল বলে জানা গেছে । তল্লাশি চালানোর সময় পুলিশ গাড়িটি থেকে গাড়ির চালক এবং সহায়ককে গ্রেপ্তার করেছে । বাজেয়াপ্ত হওয়া সামগ্রীসমূহ কোথা থেকে আনা হয়েছিল এবং কোথায় নিয়ে যাওয়া হচ্ছিল, সেই বিষয়ে পুলিশ তদন্ত অব্যাহত রেখেছে ।

---

হাইলাকান্দি জেলা পুলিশের উদ্যোগে আজ হাইজিন ও সাইবার সুরক্ষার ওপর ছাত্র ছাত্রীদের জন্য এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়েছে । হাইলাকান্দি পুলিশ রিজার্ভ হলে আয়োজিত এই অনুষ্ঠানে অভিজ্ঞ ব্যাক্তিরা সাইবার সুরক্ষার গুরুত্বের বিষয়ে ছাত্র ছাত্রীদের অবগত করানো সহ সোসিয়েল মিডিয়া ব্যাবহারের সময় সাবধানতা অবলম্বন করার আহ্বান জানান । এ সম্পর্কে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত অভিজিত মিত্র আমাদের হাইলাকান্দির সংবাদদাতাকে জানান ।

বাইট

অনুষ্ঠানে হাইলাকান্দির সিনিওর পুলিশ সুপার অমিতাভ সিনহা , প্রবীণ আইনজীবি ড.কমল চৌধুরী ,এস এস কলেজের হাইলাকান্দির শিক্ষিকা ফারদিনা পারবিন উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

বৈজ্ঞানিক উপায়ে মাশরুম চাষ করে জাতীয় পুরস্কার লাভ করেছেন শ্রীভূমির প্রগতিশীল চাষী শুভাশিস সরকার । হিমাচল প্রদেশের সোলান'এ অনুষ্ঠিত জাতীয় মাশরুম মেলা-২০২৬ এ সম্মানজনক 'প্রগতিশীল মাশরুম চাষী' পুরস্কার অর্জন করে শ্রী সরকার শ্রীভূমির নাম উজ্জ্বল করেছেন । সোলানের ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ 'এর অধীনে ডিরেক্টর অব মাশরুম রিসার্চ আয়োজিত জাতীয় পর্যায়ের এই মেলায় শুভাশিস সরকার এই পুরস্কার লাভ করেন ।

---------------------------------------------------------------------------------------------

ধলাইয়ের মাতৃভূমি কাপ প্রাইজমানি নকআউট ফুটবল প্রতিযোগিতা-২০২৬ এর ফাইনাল খেলা আগামীকাল ধলাইয়ের বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত হবে । সুশান্ত রঞ্জন দত্ত ও স্বপন কুমার বর্মণ স্মৃতি ফুটবল প্রতিযোগিতার ফাইনালে আগামীকাল জামালপুর এফ সি এবং ইসলামাবাদ এফ সি পরস্পরের মুখোমুখি হচ্ছে ।

এদিকে দুই ফাইনালিস্ট দলের টিম ম্যানেজমেন্ট এবং ক্যাপ্টেনদের উপস্থিতিতে আজ চ্যাম্পিয়ন ট্রফির আবরণ উন্মোচন করেছেন মাতৃভূমি সংস্থার সভাপতি সীতাংশু দাস । শ্রী দাস জানান- চ্যাম্পিয়ন দল লাভ করবে সুশান্ত রঞ্জন দত্ত মেমোরিয়াল ট্রফি সহ নগদ ষাট হাজার টাকা । এবং রানার্স আপ দল লাভ করবে স্বপন কুমার বর্মণ মেমোরিয়াল ট্রফি সহ নগদ চল্লিশ হাজার টাকা । আগামীকাল খেলা শুরুর আগে বিকেল দুটো থেকে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এরপর বিকেল তিনটে থেকে খেলা শুরু হবে । এবং শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠান থাকবে বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------